



সংশ্লিষ্ট দুই মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন, বছরের প্রথম তিন মাসে জাতীয় নির্বাচন ও ধর্মীয় উৎসবের কারণে স্বাভাবিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হয়েছে। শিক্ষার্থীদের সিলেবাস সময়মতো শেষ করা এবং মেধার যথাযথ বিকাশ নিশ্চিত করতে শিক্ষাপঞ্জিতে এই সমন্বয় আনা হয়েছে। আজ ২৯ মার্চ রবিবার থেকে সকল শিক্ষক ও শিক্ষার্থীকে নির্ধারিত সময়ে প্রতিষ্ঠানে উপস্থিত থাকার আহ্বান জানানো হয়েছে।

বিশেষ করে প্রাথমিক স্তরে যে ১০টি অতিরিক্ত শনিবার ক্লাস নেওয়ার সিদ্ধান্ত হয়েছে, তা বাস্তবায়নে স্থানীয় শিক্ষা কর্মকর্তাদের কঠোর নজরদারি করার নির্দেশ দেওয়া হয়েছে। দীর্ঘ বিরতির পর প্রাণচঞ্চল হয়ে ওঠা ক্যাম্পাসগুলোতে এখন থেকে নিয়মিত পাঠদানের মাধ্যমে বছরজুড়ে চলা শিখন ঘাটতি পূরণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে সরকার।

প্রকাশনার ৭৫ বছর

# সংবাদ

সম্পাদক ও প্রকাশক  
আলতামাশ কবির  
নির্বাহী সম্পাদক  
শাহরিয়ার করিম  
প্রধান, ডিজিটাল সংস্করণ  
রাশেদ আহমেদ

কপিরাইট © ২০২৬ | সংবাদ | সর্বস্বত্ব সংরক্ষিত